

যুগান্তর

ব্র্যাক ছাত্রদের আরেক চমক 'মঙ্গল তরী'

| প্রকাশ : ২৯ মার্চ, ২০১৭ ০৪:৫০:৫১



আরও চমক নিয়ে হাজির হয়েছেন ব্র্যাক বিশ্ববিদ্যালয়ের ছাত্ররা। এবার তারা তৈরি করেছেন মঙ্গলপৃষ্ঠে চলার উপযোগী যান 'মঙ্গল তরী'। এর আগে তাদের হাতেই গড়ে ওঠে দেশের প্রথম ন্যানো স্যাটেলাইট 'অন্বেষা' ও চাঁদের পৃষ্ঠে খনন যন্ত্র 'চন্দ্রবট'।

জুনে যুক্তরাষ্ট্রের ইউতাহে বিশ্ববিদ্যালয় পর্যায়ের রোভার প্রতিযোগিতা 'ইউনিভার্সিটি রোভার চ্যালেঞ্জ' প্রদর্শন করা হবে মঙ্গল তরী। ব্র্যাকের ছয় ছাত্রের একটি দল এর নকশা এবং তৈরির কাজ করেছেন। রোভার প্রতিযোগিতায় নিজেদের যান প্রদর্শনের সুযোগ পাচ্ছে সাত দেশের ৩৬টি দল। পর্যালোচনা ও বাছাই শেষে ২১ মার্চ

প্রদর্শনীতে যোগ দেয়ার জন্য দলগুলোকে চূড়ান্তভাবে নির্বাচন করা হয়।

এবার প্রতিযোগিতায় বাংলাদেশ থেকে ৬টি বিশ্ববিদ্যালয়ের দল তাদের প্রকল্প উপস্থাপনের সুযোগ পাচ্ছে। ব্র্যাক ছাড়া অন্য বিশ্ববিদ্যালয়গুলো হল- আমেরিকান ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটি বাংলাদেশ, ইউনাইটেড ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটি, ইসলামিক ইউনিভার্সিটি অব টেকনোলজি, ইনডিপেনডেন্ট ইউনিভার্সিটি অব বাংলাদেশ এবং ঢাকা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়।

ব্র্যাক বিশ্ববিদ্যালয়ের ৬ সদস্যের দলের নেতৃত্বে রয়েছেন নিয়াজ শরীফ। প্রতিযোগিতায় অংশ নেয়ার সুযোগ পাওয়ায় উচ্ছ্বসিত শরীফ একটি সংবাদমাধ্যমকে ইতিমধ্যে তার প্রতিক্রিয়া জানিয়েছেন। তার ভাষায়, 'আশা করছি, দেশের মুখ উজ্জ্বল করতে পারব আমরা।'

মঙ্গল তরী প্রকল্পের উপদেষ্টা ড. খলিলুর রহমান বলেছেন, আমাদের ছাত্রদের কাজটি অনেক বড় অর্জন। তিনি আরও বলেন, বাংলাদেশের ৬টি বিশ্ববিদ্যালয় প্রতিযোগিতায় অংশ নেয়ার জন্য নির্বাচিত হয়েছে। এটা বাংলাদেশের নতুন অর্জন। এর মাধ্যমে দেশ ও বিদেশে বাংলাদেশের ভাবমূর্তি উজ্জ্বল হবে।

মে মাসের মধ্যে ১০ সেন্টিমিটার দৈর্ঘ্য ও প্রস্থের ন্যানো স্যাটেলাইট অন্বেষাকে মহাশূন্যে পাঠানোর আশা করছে ব্র্যাক বিশ্ববিদ্যালয়। এটি দিয়ে মূলত গবেষণা করা হবে। ২০১১ সালে ব্র্যাকের তৈরি চন্দ্রবট নাসার চন্দ্রযান প্রতিযোগিতায় অংশ নিয়ে আন্তর্জাতিকভাবে দৃষ্টি আকর্ষণ করে।

ভারপ্রাপ্ত সম্পাদক : সাইফুল আলম, **প্রকাশক :** সালমা ইসলাম প্রকাশক কর্তৃক ক-২৪৪ প্রগতি সরণি, কুড়িল (বিশ্বরোড), বারিধারা, ঢাকা-১২২৯ থেকে প্রকাশিত এবং যমুনা প্রিন্টিং এন্ড পাবলিশিং লিঃ থেকে মুদ্রিত। পিএবিএক্স : ৮৪১৯২১১-৫, রিপোর্টিং : ৮৪১৯২২৮, বিজ্ঞাপন : ৮৪১৯২১৬, ফ্যাক্স : ৮৪১৯২১৭, সার্কুলেশন : ৮৪১৯২২৯। ফ্যাক্স : ৮৪১৯২১৮, ৮৪১৯২১৯, ৮৪১৯২২০ E-mail: jugantor.mail@gmail.com

Print